

W. B. HUMAN RIGHTS  
COMMISSION  
KOLKATA - 91


## NOTE SHEET


121/SMC/18

25-09-2018

Enclosed is the news clipping of 'এই সময়' a Bengali daily, dated 21<sup>st</sup> September, 2018, the news item is captioned "খন্ডযুদ্ধে সঙ্ঘ-যোগের ছায়া দেখছেন মুখ্যমন্ত্রী"

Superintendent of Police, Uttar Dinajpur is directed to submit a detailed report about the incident within 31<sup>st</sup> October, 2018.

  
( Napanajit Mukherjee )  
Member

  
( M.S. Dwivedy )  
Member



# খণ্ডযুদ্ধে সঙ্ঘ-যোগের ছায়া দেখছেন মুখ্যমন্ত্রী

এই সময়, ইসলামপুর: স্কুলে এক শিক্ষকের নিয়োগকে কেন্দ্র করে ছাত্র-পুলিশ সংঘর্ষে রণক্ষেত্র হয়ে উঠল উত্তর দিনাজপুরের ইসলামপুর। পুলিশকে লক্ষ করে স্কুলের ছাত্রছাত্রীরাই ইট-পাথর ছোড়ে বলে অভিযোগ। পুলিশও পাল্টা আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে লাঠি, টিয়ার গ্যাস ও রবার বুলেট চালায়। পুলিশ গুলিও চালায় বলে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। কারণ, ওই ঘটনায় হত এক আইটিআই পড়ুয়ার দেহে গুলির ক্ষত আছে। মৃতের নাম রাজেশ সরকার (২১)। তার পিঠে গুলি লেগেছে বলে জানা গিয়েছে। জখম হয় বিপ্লব সরকার ও মধু বর্মন নামে আরও দুই ছাত্র।



## ইসলামপুরে ছাত্রমৃত্যু

তাদের পায়ে ও পেটে গুলি লেগেছে। সব মিলিয়ে অসুস্থ ১৫ জন জখম। তাঁদের মধ্যে কয়েক জন পুলিশকর্মীও রয়েছেন। আহতদের ভর্তি করা হয়েছে মহকুমা হাসপাতালে। গুরুতর জখমদের পাঠানো হয়েছে উত্তরবঙ্গ মেডিক্যাল। ঘটনাটি ইসলামপুর ব্লকে দাড়িভিটা হাইস্কুলে সম্প্রতি একজন নতুন শিক্ষক নিয়োগ নিয়ে।

ওই ঘটনার পিছনে আরএসএসের উস্কানি রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য। বিদেশ সফরের ফাঁকে তিনি বলেন, 'আমরা ডিআইকে সরিয়ে দিচ্ছি। আরএসএসের যারা এই ঘটনায় জড়িত, তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়া হবে। কাল মহরম। এর আগে বিহার থেকে গুলিগোলা এনে এবং গুন্ডাবাহিনী নিয়ে এসে এরা অশান্তি করতে চাইছে। যদি পুলিশের গাফিলতি থাকে, তবে তা-ও খতিয়ে দেখা হবে।' ইসলামপুরের দাড়িভিটা হাইস্কুলে নিযুক্ত শিক্ষককে মানতে চায়নি পড়ুয়ারা। তাদের বক্তব্য, তাদের যে বিষয়ের শিক্ষক প্রয়োজন, তা দেওয়া হচ্ছে না। অন্য এমন বিষয়ের শিক্ষক

পূজোর কেনাকাটা  
অনলাইন হোক বা  
গড়িয়াহাট  
ইউনাইটেড ব্যাঙ্ক  
ডেবিট কার্ড,  
সবচেয়েই স্মার্ট

ইউনাইটেড ব্যাঙ্ক  
ত্রফ ইন্ডিয়া

এ ট্রাসটেড জুয়েলাস  
সুরভি  
ম্যানসন

You GET- Offer Rs-1000/-  
মিস্ত্রী কল দিন  
Toll Free No- 02262137674  
গড়িয়াহাট • গড়িয়া 033-2440-6393

নিযুক্ত করা হয়েছে, যাঁর প্রয়োজন নেই বলে ছাত্রছাত্রীদের দাবি। নিযুক্ত শিক্ষক বৃহস্পতিবার স্কুলে যোগ দিতে এলে তারা ক্ষিপ্ত হয়ে স্কুলের গেটে তাল দিতে পথ অবরোধ শুরু করে। সেখানে ছাত্রীদেরও সক্রিয় ভূমিকায় দেখা যায়। যে বিষয়ের শিক্ষক প্রয়োজন, সেই বিষয়ের শিক্ষক ছাড়া অন্য কাউকে তারা মানবে না বলে জানায় পড়ুয়ারা।

ঘণ্টা দুয়েক অবরোধ চলার পর পুলিশ গেলে ক্ষোভের আওনে ঘি

## গুলিতে নিহত পড়ুয়া — এই সময়

পড়ে। পুলিশকে লক্ষ করে শুরু হয় ইটবৃষ্টি। ছাত্রছাত্রীদের মারমুখী দেখে পুলিশ প্রথমে পিছু হটলেও পরে পাল্টা লাঠিচার্জ করে পুলিশ। চলে কাদানে গ্যাস, রবার বুলেট। কয়েক রাউন্ড গুলির শব্দও শোনা যায়। তার পরেই মৃত অবস্থায় পড়ে থাকতে দেখা যায় রাজেশ সরকার নামে স্থানীয় বাসিন্দা তথা আইটিআই পড়ুয়াকে। ঘটনাস্থলে আটকে পড়ে মোটরবাইকে বসে থাকা অবস্থায় তাঁর পিঠে গুলি লাগে বলে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। পুলিশের গুলিতে ছাত্র মৃত্যুর অভিযোগকে কেন্দ্র করে নিন্দার ঝড় উঠেছে। দোষী পুলিশ অফিসারকে চিহ্নিত করে শাস্তি দেওয়ার দাবি তুলেছেন রায়গঞ্জের সিপিএম সাংসদ মহম্মদ সেলিম। তিনি বলেন, 'তৃণমূল সরকার সব ঘটনাই পুলিশকে দিয়ে পিটিয়ে মেটাচ্ছে। পুলিশ গুলি ছাড়া কিছু বোঝে না।' ইসলামপুরের তৃণমূল বিধায়ক কানহাইয়ালাল আগরওয়াল বলেন, 'ঘটনার দায় স্কুলের প্রধান শিক্ষক ও পরিচালন সমিতির। তাঁদের উচিত ছিল পড়ুয়াদের দাবি মেনে এই শিক্ষককে কাজে যোগ দিতে না-দেওয়া।' এই ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে শুক্রবার ১২ ঘণ্টা উত্তর দিনাজপুর জেলা বন্ধের ডাক দিয়েছে বিজেপি।

১৯  
১৫/৯/১৮  
৪৮. ২১. ৭. ২০১৮